# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৫৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ফরযের পর সর্বশ্রেষ্ঠ সালাত হলো রাতে তাহাজ্জুদ সালাত আদায় করা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ التَّهَجُّدَ بِاللَّيْلِ أَفْضَلُ مِنْ صَلَاةِ الْمَرْءِ بَعْدَ الْفَرِيضَةِ

---

আরবী

2554 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ خَلِيلٍ حَدَّثَنَا مُوسَى بْنُ عَبْدِ الرَّحْمَنِ الْمَسْرُوقِيُّ حَدَّثَنَا حُسَيْنُ بْنُ عَلِيٍّ حَدَّثَنَا زَائِدَةَ عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ عُمير عَنِ ابْنِ الْمُنْتَشِرِ عَنْ حُمَيْدٍ الحِمْيَرِيِّ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: سَأَلَ رَجُلٌ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم: أي الصَّلَاةِ أَفْضَلُ بَعْدَ الْمَكْتُوبَةِ؟ قَالَ: (الصَّلَاةُ فِي جَوْفِ اللَّيْلِ) قَالَ: فَأَيُّ الصِّيَامِ أَفْضَلُ بَعْدَ شَهْرِ رَمَضَانَ؟ قَالَ: (شَهْرُ اللَّهِ الَّذِي يَدعُونَهُ الْمُحَرَّمَ)
الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2554 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২৫৫৪. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞেস করেন, “ফরযের পর কোন সালাত সর্বোত্তম?” জবাবে তিনি বলেন, “মধ্য রজনীর সালাত (তাহাজ্জুদ)।”

তিনি জিজ্ঞেস করলেন, “রমাযানের পর কোন সিয়াম সর্বোত্তম?” জবাবে তিনি বলেন, “আল্লাহর মাসের সিয়াম, যাকে লোকজন মুহাররম মাস বলে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৩২৯; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৪২; সহীহ মুসলিম: ১১৬৩; ইবনু মাজাহ: ১৭৪২; আবূ আওয়ানা: ২/২৯০; দারেমী: ২/২১; আবূ দাঊদ: ২৪২৯; তিরমিযী: ৪৩৮; নাসাঈ: ৩/২০৬-২০৭।

হাদীসটিকে আল্লামা শু‘আইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকুল হিসান: ২৫৫৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91880

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন